



## বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট

প্রশাসন বিভাগ

স্বাধীনতা ভবন

৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

[www.bffwt.gov.bd](http://www.bffwt.gov.bd)



বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ২০২০-২১ অর্থবছরের জুলাই মাসে এপিএ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য অনুষ্ঠিত এপিএ বাস্তবায়ন টিমের সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব মোঃ আবু সাইদ ফকির। পরিচালক (শিল্প ও বাণিজ্য) ও টিম প্রধান, এপিএ বাস্তবায়ন টিম।
সভার তারিখ	:	৩১/০৮/২০২০
সভার সময়	:	সকাল ১০.০০ ঘটিকা।
স্থান	:	সভাকক্ষ, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ৮৮ মতিঝিল বা/এ, ঢাকা।
উপস্থিতি	:	পরিশিষ্ট-ক দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্যদেরকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং আলোচ্যসূচি উপস্থাপনের জন্য এপিএ টিমের ফোকাল পয়েন্ট-কে অনুরোধ জানান। টিম ফোকাল পয়েন্ট অবহিত করেন যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) গত ২৭/০৭/২০২০ তারিখে স্বাক্ষরিত হয়েছে। উক্ত এপিএ অনুযায়ী প্রতিটি কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নপূর্বক মাসিক, ত্রৈমাসিক, যান্মাসিক ও বার্ষিক ভিত্তিতে প্রতিবেদন আকারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ এবং প্রতিবেদনসমূহ ট্রাস্টের ওয়েবসাইটে আপলোড করার বাধ্যবাধকতা রয়েছে। সভাপতি বলেন, এপিএ'র কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়নকল্পে ব্যবস্থা গ্রহণের জন্য ট্রাস্টের সংশ্লিষ্ট বিভাগ/শাখায় কর্মরত উপ-মহাব্যবস্থাপক/উপ-প্রধান প্রকৌশলী / উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা-কে এপিএ'র সংশ্লিষ্ট অংশ প্রেরণ করতে হবে এবং আগামী সভায় তাঁরা অগ্রগতি সম্পর্কে তথ্য প্রদান করবেন। তিনি অভিমত রাখেন যে, প্রতি মাসের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত সভা পরবর্তী মাসের দ্বিতীয় সপ্তাহে অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে। অতঃপর সভায় জুলাই ২০২০ মাসের বাস্তবায়ন অগ্রগতি ধারাবাহিকভাবে উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন) ও এপিএ টিমের ফোকাল পয়েন্ট উপস্থাপন করেন যা নিম্নরূপঃ

ক্র: নং	আলোচ্য বিষয়	এপিএ বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	[১.১] যুদ্ধাহত, খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রাষ্ট্রীয় সম্মানী ভাতা প্রদান।	মোট ১১,০০০ জনকে রাষ্ট্রীয় সম্মানী ভাতা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত। জুন ২০২০ মাস পর্যন্ত ১০,৩৪৯ জনকে ভাতা প্রদান করা হয়েছে। জুলাই ২০২০ হতে জুন ২০২১ পর্যন্ত প্রকৃত লক্ষ্যমাত্রা ৬৫১ জনকে ভাতা প্রদান। যাচাই-বাছাই কার্যক্রম প্রক্রিয়াধীন। যাচাই-বাছাই কমিটি কর্তৃক কার্যক্রম সম্পন্ন হওয়ার পর ভাতা প্রদান শুরু হবে।	লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	কল্যাণ বিভাগ
২.	[১.২] যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের রেশন সুবিধা প্রদান।	যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধা পরিবারের ৩৬,৫০০ সদস্যকে রেশন সুবিধা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত। জুলাই ২০২০ মাসে ৪১০ জন সদস্যকে রেশন কার্ড প্রদান করা হয়েছে। প্রতিটি রেশন কার্ডের মেয়াদ ১৬ মাস হওয়ায় প্রতি মাসেই রেশন কার্ড ইস্যু হয়। ফলে লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।	লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	কল্যাণ বিভাগ
৩.	[১.৩] যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের উন্নত মানের আইডি কার্ড প্রদান।	যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাদের ৩৫০টি উন্নত মানের আইডি কার্ড দেয়ার লক্ষ্যমাত্রা নির্ধারিত। আবেদনের প্রেক্ষিতে আইডি কার্ড ইস্যু করা হয়। জুলাই ২০২০ মাসে কোন আবেদন না পাওয়ায় আইডি কার্ড ইস্যু করা যায়নি।	লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	কল্যাণ বিভাগ
৪.	[১.৪] যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের চিকিৎসা সুবিধা প্রদান।	৪১০ জনকে চিকিৎসা সুবিধা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত। জুলাই ২০২০ মাসে ৭৩ জন যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধাকে চিকিৎসা সুবিধা প্রদান করা হয়েছে।	লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	কল্যাণ বিভাগ

ক্র: নং	কৌশলগত উদ্দেশ্যে/ কার্যক্রম	এপিএ বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৫.	[১.৫] যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও শহিদ মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের ঈদুল ফিতর ও ঈদুল আযহা উদযাপনের নিমিত্ত উৎসব বোনাস প্রদান।	ঈদুল আযহার উৎসব বোনাস প্রদানের লক্ষ্যমাত্রা ছিল ২৩/০৭/২০২০ তারিখ। কল্যাণ বিভাগ হতে ২২/০৭/২০২০ তারিখে ভাতাভোগীদের স্ব-স্ব ব্যাংক হিসাবে ঈদুল আযহার উৎসব বোনাস প্রদান করা হয়েছে। ঈদুল ফিতরের উৎসব বোনাস প্রদানের লক্ষ্যমাত্রা ২৫/০৪/২০২১ তারিখ। এ বিষয়ে পরবর্তীতে ব্যবস্থা গৃহীত হবে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা নিতে হবে।	কল্যাণ বিভাগ
৬.	[২] ট্রাস্টের আর্থিক অবস্থা দৃঢ়করণ।	[২] ট্রাস্টের আর্থিক অবস্থা দৃঢ়করণ সংক্রান্ত কার্যক্রম ১৪ টি। সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নিজেদের কার্যক্রম বাস্তবায়নের ব্যবস্থা নিতে হবে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল বিভাগ
৭.	[৩] বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ।	প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ সংক্রান্ত কার্যক্রম ৪টি। লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে।	লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	প্রশাসন বিভাগ
৮.	[৪] মুক্তিযোদ্ধার সন্তান ও পরবর্তী প্রজন্মের উচ্চ শিক্ষায় সহায়তা প্রদান।	সাধারণ শিক্ষায় ২৯০০ জন এবং ২ জন গবেষককে বঙ্গবন্ধু পিএইচডি কোর্সে বৃত্তি প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত। ত্রৈমাসিক ভিত্তিতে প্রদেয় বৃত্তির টাকা সেপ্টেম্বর ২০২০ মাসের শেষ সপ্তাহে ১ম কিস্তি প্রেরণ করা হবে।	লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।	কল্যাণ বিভাগ
৯.	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে [১] দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ।	৬টি কার্যক্রমের ৫টি ত্রৈমাসিক ভিত্তিতে সম্পাদিতব্য যার মধ্যে রয়েছে ওয়েবসাইটে তথ্য প্রকাশ, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, শুদ্ধাচার সম্পর্কিত, সিটিজেন চার্টার ও তথ্য বাতায়ন হালনাগাদকরণ। অন্যটি এপিএ'র বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠান সংক্রান্ত। প্রতিমাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা পরবর্তী মাসে অনুষ্ঠিত হবে।	বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা নিয়মিত অনুষ্ঠানের ব্যবস্থা নিতে হবে।	প্রশাসন বিভাগ
১০.	আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে [২.১] ই-নথি বাস্তবায়ন।	৮০% নোট ই-নথিতে উপস্থাপনের লক্ষ্যমাত্রা নির্ধারিত। সার্ভারে ত্রুটিজনিত কারণে ই-নথি ব্যবস্থাপনার মাধ্যমে নথি উপস্থাপন বাধাগ্রস্ত হচ্ছে। ই-নথির সফল বাস্তবায়নের জন্য নথি উপস্থাপনকারী কর্মকর্তা/কর্মচারীদের ডেস্কে কম্পিউটার থাকা আবশ্যিক। আইসিটি কর্মকর্তা প্রয়োজনীয়তার নিরিখে কম্পিউটার ক্রয়ের জন্য তালিকা প্রণয়ন করবেন। হার্ডকপির পাশাপাশি ই-নথি উপস্থাপন করতে হবে। প্রয়োজনে আইসিটি কর্মকর্তার দ্বারা প্রশিক্ষণের ব্যবস্থা নিতে হবে।	(ক) প্রয়োজনীয়তার নিরিখে কম্পিউটার ক্রয়ের ব্যবস্থা নিতে হবে। (খ) হার্ডকপির পাশাপাশি ই-নথি উপস্থাপনের ব্যবস্থা নিতে হবে।	সকল বিভাগ
১১.	[২.২] ডিজিটাল সেবা চালুকরণ।	১৫/০২/২০২১ তারিখ বাস্তবায়ন লক্ষ্যমাত্রা নির্ধারিত। এ বিষয়ে উদ্যোগ গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে। ট্রাস্ট হতে যেসকল সেবা প্রদান করা হয়, সেগুলো আরও সহজভাবে সেবাগ্রহীতাদের নিকট পৌঁছানো যায় কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের সমন্বয়ে পর্যালোচনা করার সুপারিশ করা হয়।	লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রশাসন বিভাগ
১২.	[২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান।	প্রত্যেক কর্মচারীর জন্য ৫০ ঘণ্টা এবং ১০ম গ্রেড ও তদূর্ধ্ব প্রত্যেক কর্মচারীর জন্য এপিএ বিষয়ে ৫ ঘণ্টা করে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত। করোনা-ভাইরাসের কারণে জুলাই ২০২০ মাসে প্রশিক্ষণ প্রদান করা যায়নি। লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কর্মচারীকেই প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা হয়।	তালিকা প্রণয়নের মাধ্যমে কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা নিতে হবে।	প্রশাসন বিভাগ

ক্র: নং	কৌশলগত উদ্দেশ্য/ কার্যক্রম	এপিএ বাস্তবায়ন অগ্রগতি	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১৩.	[২.৫] এপিএ বাস্তবায়নে প্রণোদনা প্রদান।	ন্যূনতম একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রণোদনা প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারিত। বেতনস্কেলের গ্রেড ভিত্তিক ০১ জন করে প্রত্যেককে পাঁচ হাজার টাকা প্রণোদনা ও প্রশংসাপত্র প্রদান করা হলে কম অর্থের সংশ্লেষে বেশি সংখ্যক কর্মচারীকে প্রণোদনা দেয়া যাবে এবং সকলের মধ্যে প্রতিযোগিতামূলক মনোভাব সৃষ্টি হবে।	প্রণোদনা প্রদানের বিষয়ে আরও পরে নথি উপস্থাপন করতে হবে।	প্রশাসন বিভাগ
১৪.	[৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।	আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন সম্পর্কিত কার্যক্রম ৪টি যথা- (১) ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন, (২) বাজেট বাস্তবায়ন, (৩) অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন ও (৪) স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত হালনাগাদকরণ। সংশ্লিষ্ট বিভাগে কার্যক্রম শুরু হয়েছে।	লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল বিভাগ

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আবু সাইদ ফকির)  
পরিচালক (শিল্প ও বাণিজ্য)  
ও  
এপিএ বাস্তবায়ন টিম প্রধান

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.১৮.০০৯.২০/৫২৫

তারিখঃ ২৩ ভাদ্র ১৪২৭  
০৭ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (শিওবা/কল্যাণ/অর্থ)/ সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ২। উপ-মহাব্যবস্থাপক (সকল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ৩। উপ-প্রধান প্রকৌশলী, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ৪। উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ৫। সহকারী প্রকৌশলী (সিভিল), বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, ঢাকা।



(মোঃ সিরাজুল ইসলাম)  
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

ও  
ফোকাল পয়েন্ট, এপিএ বাস্তবায়ন টিম